R. N. No. 2532/57 Phone No. RGG.112 Regd No. WB/MSD—4

টেলিফোন : ৩৪-১৩৫২
রিপ্রোডাকশন সিন্ডিকেট
৭-১, বিধান সরণী, কলিকাতা-৬

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

প্রতিষ্ঠাতা—স্বর্গত শরৎচন্দ্র পণ্ডিত (দাদাঠাকুর)

ভি ডি ও ক্যাসেট প্রিন্টিং
এর জন্য যোগাযোগ করুন—
স্টুডিও চিত্রশ্রী
রঘুনাথগঞ্জ :: মুর্শিদাবাদ
ব্রাঞ্চ : স্টুডিও চিত্রশ্রী ২
রঘুনাথগঞ্জ ॥ ফুলতলা
এজেন্ট : স্ন্যাপ কালার ল্যাবঃ

৭৭শ বর্ষ
১১ম সংখ্যা

রঘুনাথগঞ্জ ৮ইশ্রাবণ বুধবার, ১৩৯৭ সাল
২৫শে জুলাই, ১৯৯০ সাল।

নগদ মূল্য : ৪০ পয়সা
বার্ষিক ২০্

## মহকুমা হাসপাতালে রোগী সেজে দেহপসারিণীদের মধুচক্র

বিশেষ প্রতিবেদক : জঙ্গিপুর মহকুমা হাসপাতাল দৈর্ঘ্যে প্রস্থে সাদা কথায় গায়ে গতরে বাড়ছে, কিন্তু স্থানীয় জনগণের সে রকম কাজে লাগছে না এই শ্রীবৃদ্ধি। বর্তমানে স্পেশালিষ্ট ডাক্তার বা সার্জেন টিম সত্যই ভাল। অনেক কঠিন অপারেশনের দায়িত্বও তাঁরা নিতে চাইছেন। কিন্তু সেক্ষেত্রে সবচেয়ে বড় অসুবিধা রক্তের যোগান। ১৯৮২ সালে এখানে খাতা কলমে ব্লাডব্যাঙ্ক চালু হয়েছে। এবং বিভাগীয় টেকনিসিয়ান ও ল্যাবরেটারী এ্যাসিষ্ট্যাণ্ট পদে লোক নিযুক্ত রয়েছেন, তাঁদের বেতনও বিলি হচ্ছে। কিন্তু এই ব্লাড ব্যাঙ্কে প্রথম দিন থেকেই কোন রক্ত নেই। ব্লাড ব্যাঙ্কের প্রয়োজনে যে সব কাজ হওয়া দরকার বা রক্ত ষ্টকে রাখা দরকার সেসব কিছুই হয় না এখানে। এর ফলে মাঝে বেশ কিছু বোতল রক্ত নর্দমায় ফেলেও দিতে হয়েছে। যার জন্য সেই খাতে মঞ্জুরীকৃত সরকারী অনুদান হয় ফেরৎ যায়, না হয় অন্য খাতে খরচ হয় বলে অভিযোগ। আবার অন্যদিকে খাতাপত্রে বা প্রচারে ব্লাড ব্যাঙ্ক চালু থাকায় বহরমপুর সদর ব্লাড ব্যাঙ্ক এখানকার রোগীদের প্রয়োজনীয় রক্ত দিতে চান না। তাঁদের বক্তব্য—লালবাগ, কান্দীতে ব্লাড ব্যাঙ্কে যদি রক্ত থাকতে পারে, তবে জঙ্গিপুরে থাকবে না কেন? এই টানাপোড়েনে বাধ্য হয়ে জনসাধারণকে রক্ত আনতে ছুটতে হয় মালদা, না হয় (২য় পৃষ্ঠায়)

## পুর ঘাট ডাকের এগ্রিমেন্ট দলিল আজও রেজিষ্ট্রী হয়নি

রঘুনাথগঞ্জ : গোপন সূত্রে জানা যায় জঙ্গিপুর পুরসভার এক্তিয়ারভুক্ত ফেরী ঘাট দুটি গত ২০ মার্চ ৮ লক্ষ ১ হাজার ১ শ' টাকায় এক বছরের জন্য জঙ্গিপুরের শ্যামাপদ ত্রিবেদীকে ইজারাদারী দেওয়া হয়। কিন্তু বিস্ময়ের কথা আজ পর্যন্ত এই ঘাট ডাকের এগ্রিমেণ্ট দলিলটি রেজিস্ট্রী করা হয়নি। এই ঘটনার সুযোগ নিয়ে ইজারাদার কিস্তির পাওনা ২ লক্ষ টাকার উপর আজও পুর অফিসে জমা দেননি। ঘাট ডাকের সময় ঠিক হয় এপ্রিল থেকে প্রতি মাসে কিস্তির টাকা ইজারাদার জমা দিতে বাধ্য থাকবেন এবং টাকা জমা না দিলে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে। আরো জানা যায় এগ্রিমেণ্ট দলিল রেজিস্ট্রী না হওয়ায় ইজারাদারের বিরুদ্ধে কোন ব্যবস্থাও নেয়া যাচ্ছে না।

## প্রথম বোর্ড মিটিঙে গণ্ডগোল কং (ই) কমিশনারের অশালীন আচরণ

ধুলিয়ান : গত ১২ জুলাই স্থানীয় পুরসভার প্রথম বোর্ড মিটিং বাকবিতণ্ডা, গালাগালি এবং প্রায় হাতাহাতির মধ্যে শেষ হয়। এই গণ্ডগোলের খবর শহরে ছড়িয়ে পড়ায় পৌরভবনের সামনে প্রচুর মানুষের ভিড় হয়। খবরে প্রকাশ, গত ১১ জুলাই জৈন কলোনীর মোড়ে পৌর উন্নয়ন কমিটির এক পথসভায় চেয়ারম্যান তরুণ সেন, ভাইস-চেয়ারম্যান অশোক সিংহ এবং অন্যান্য নেতারা প্রাক্তন চেয়ারম্যান সত্যদেব গুপ্তের নামে দুর্নীতির ভুরি-ভুরি অভিযোগ আনেন এবং প্রাক্তন পুর বোর্ডকে 'দুর্নীতি পরায়ণ' বোর্ড বলে চিহ্নিত করেন। ১২ জুলাই বোর্ড মিটিঙে সি পি এমের কমিশনার সুন্দর ঘোষ ঐ অভিযোগ প্রমাণ করার কন্য প্রাক্তন বোর্ডের কাজকর্ম খতিয়ে দেখতে 'তদন্ত কমিটি' করার দাবী জানান। কিন্তু পৌর উন্নয়ন কমিটির (শেষ পৃষ্ঠায়)

## চাষের সময়েই প্রাথমিক স্কুলে ছুটি চাই

সাগরদীঘি : গ্রামের চাষীভাইদের অভিযোগ তাঁদের ছেলেমেয়েদের লেখাপড়ার সুযোগ ঠিক-মত দিচ্ছেন না সরকার। শিক্ষা বছর শেষ হয়েছে মার্চ মাসে। জুলাই মাসও শেষ, কিন্তু এখনও ছাত্রছাত্রীদের পাঠ্য পুস্তক দেওয়া হয়নি। বই অভাবে পড়াশুনা করতে পারছে না তারা। এদিকে বেশির ভাগ চাষীর ছেলেই চাষের সময় চিরাচরিত প্রথা মতো বাবা কাকাদের চাষে সাহায্য করতে খাবার নিয়ে মাঠে যায়, স্কুল যাওয়ার সময় পায় না। সরকার থেকে সে কারণে ফসল বোনার ছুটির ব্যবস্থা আছে। এবং সময় নির্দিষ্ট করা হয় জুলাই এর শেষ সপ্তাহ থেকে আগষ্টের তৃতীয় সপ্তাহ পর্যন্ত। এ বছর বর্ষা আগাম নেমে পড়ায় তার আগেই চাষ আরম্ভ হয়েছে। সে সময় (২য় পৃষ্ঠায়)

## এন টি পি সির সংরক্ষিত এলাকায় গাড়ী আটক

নবারুণ পয়েণ্ট : গত ২১ জুলাই এন টি পি সির সংরক্ষিত এলাকায় বি আর এক্স ৭৬৬৬ নং গাড়ীটিকে সি আই এস এফ সন্দেহক্রমে আটক করে। গাড়ীর মালিক ও চালক সঞ্জীব দে ছাড়াও ইব্রাহিম সেখ ও আরোও দুজন ছিলেন। তাঁদের ফরাক্কা থানায় গাড়ী সমেত আনা হয়। গাড়ীটি কিভাবে বিনা পাসে সংরক্ষিত এলাকায় ঢুকলো সেটাই বিস্ময়ের। খবর গত ২০ জুলাই প্ল্যাণ্টের ২নং ইউনিটের কাজের জায়গা থেকে ২ কুঃ তামা ও পিতল চুরি যায়। কিন্তু সেগুলি বাইরে না নিয়ে গিয়ে প্ল্যাণ্টের মধ্যেই কোথাও লুকিয়ে রাখা হয়েছে বলে পুলিশ সন্দেহ করে। এই গাড়ীটি সেই সময় ঐ মাল পাচার করতে (শেষ পৃষ্ঠায়)

বাজার খুঁজে ভালো চায়ের নাগাল পাওয়া ভার,
দার্জিলিঙের চূড়ায় ওঠার সাধ্য আছে কার?
শুনুন মশাই, স্পষ্ট কথা বাক্য পরিষ্কার
মনমাতানো দারুণ চায়ের ভাঁড়ার চা ভাণ্ডার॥
সবার প্রিয় চা ভাণ্ডার, সদরঘাট, রঘুনাথগঞ্জ।
ফোন : আর জি জি ১৬

সর্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ

৮ই শ্রাবণ বুধবার ১৩৯৭ সাল

## 'আছে যে ভাগ্যে লিখা'

এই রাজ্যে বিদ্যুতের বেহাল অবস্থা এই মফস্বল—মহকুমা শহরকেও প্রভাবিত করিয়াছে। দীর্ঘকাল যাবৎ বিদ্যুৎ সরবরাহের স্বাভাবিক অবস্থা ক্রমশঃ অস্বাভাবিক হইতেছে। মাঝে মাঝে আশার বাণী শুনান হয়। শীতকালে শুনা যায়, গ্রীষ্মে বিদ্যুৎ সরবরাহে কোন গোলমাল হইবে না। তখন মানুষ বেশ আরামে থাকিবে। পাখার হাওয়া চলিবে ; ছাত্রেরা স্বচ্ছন্দে পড়াশুনা করিতে পারিবে ; কলকারখানা অব্যাহতভাবে উৎপাদন করিতে থাকিবে, বড় শহরাঞ্চলে জল সরবরাহে ব্যাঘাত হইবে না ইত্যাদি। কিন্তু গ্রীষ্মের আবির্ভাব, স্থিতিকাল ও তিরোভাব-কালে দেখা গেল সব 'স্বপ্নো নু মায়া নু'। ক্ষণপ্রভা আর প্রভা দান করিতেছে না। কেবল বাড়ায় মাত্র আঁধার সকলকে বাঁধিতে।

অবশ্য বেহাল বিদ্যুতের ব্যাপারে বোল চালাচালি প্রচুর হইতেছে। খবরে প্রকাশ রাজ্য বিদ্যুৎমন্ত্রী নাকি যথেষ্ট বাক্যবাণ শুনিয়াছেন মুখ্যমন্ত্রীর নিকট হইতে।

সকলের নিশ্চয়ই স্মরণ থাকিতে পারে যে, বর্তমান রাজ্য মুখ্যমন্ত্রী এক সময় যখন রাজ্যের অর্থমন্ত্রী ছিলেন, তখন এই রাজ্যে আরও বিদ্যুৎ কেন্দ্র স্থাপন করিবার প্রস্তাবকে মানিয়া লওয়া হয় নাই। এই রাজ্যে বিদ্যুৎ সমস্যার ব্যাপারটি কোনও দিনই গুরুত্বপূর্ণ-ভাবে আলোচিত হয় নাই।

বিদ্যুতের অনিশ্চিত সরবরাহ একদিনের ব্যাপার নয়। বিদ্যুতের অবস্থা লইয়া প্রকৃত আলোচনা অর্থাৎ কার্যকরী আলোচনা হইতে পারে নাই, কেন হয় নাই, তাহার কারণ অজ্ঞাত। খবরে প্রকাশ যে, বিদ্যুৎ বিভাগে যাঁহারা প্রকৃত নিষ্ঠাবান কর্মী, তাঁহারা কাজ করিবার উপযুক্ত পরিবেশ নাকি পান না, কাজ করিবার সুযোগও নাকি ক্ষেত্রবিশেষে আজকাল পাওয়া যায় না। ফলে বিদ্যুৎ পরিস্থিতি ক্রমশই খারাপ হইয়া পড়িতেছে।

এমতাবস্থায় জনগণের ধৈর্যচ্যুতি ঘটা স্বাভাবিক। তবে যখন-তখন উত্তেজিত হইয়া বিদ্যুৎ সরবরাহ অফিসে উত্তেজনা প্রকাশ করিয়া কোন সুফল ফলিবে না। বিদ্যুৎ সম্পর্কে সুষ্ঠু কার্যকরী পরিকল্পনা এবং তাহার রূপায়ণ যতদিন না হইবে ততদিন আঁধারের রাজত্ব 'হবে তা সহিতে/মর্ম দহিতে/আছে যে ভাগ্যে লিখা'।

## দেহপসারিণীদের মধুচক্র

(১ম পাতার পর)

বেশী পয়সা দিয়ে অন্যভাবে যোগাড় করতে হয়। ই সি জি চালু থাকা সত্ত্বেও আউট-ডোরে করার কোন ব্যবস্থা নেই। প্রয়োজনে প্রাইভেটে ই সি জি করাতে হয়। কেন হয় তা ডাক্তাররাই ভাল বলতে পারবেন। অপারেশনের জন্য মহকুমা শাসকের চেষ্টায় রেডক্রশ থেকে বয়েলস এ্যাপারেটাস' দান করা হলেও সেটি চালুর ব্যবস্থা আজও হয়নি। ই এন টি বিভাগে স্পেশালিষ্ট থাকা সত্ত্বেও যন্ত্রপাতির অভাবে কোন রোগী সেই সুযোগ পান না। স্থানীয় শহরের জনৈক অবসর প্রাপ্ত শিক্ষক অভিযোগ করেন—কিছুদিন আগে তিনি নিজে এই বিভাগে গিয়ে যে ব্যবহার পেয়েছেন তা মর্মান্তিক। তাঁর কান পরীক্ষার নামে কোন যন্ত্রের সাহায্য না নিয়েই ডাক্তার-বাবু কানে ময়লা আছে বলে একটি নরুণ জাতীয় জিনিস দিয়ে এমন খোঁচা দেন যে তাঁকে দীর্ঘদিন রক্ত মোক্ষণে ভুগতে হয়। এখানে একটি অ্যাম্বুলেন্স আছে। তারজন্য ১৯৭০ সাল থেকে বাৎসরিক তেলের খরচ ৩০ হাজার টাকা মঞ্জুর হয়ে রয়েছে। এত বছরের ব্যবধানেও তা বাড়েনি বা কমেনি। ঐ বিভাগের অভিমত বর্তমানে সঠিক এ্যাম্বুলেন্সের ব্যবহারে অন্ততঃ পক্ষে বাৎসরিক ১ লক্ষ টাকা দরকার। ফলে প্রয়োজনে দেখা যায় তেল যদি বা থাকে তো এ্যাম্বুলেন্স খারাপ, আবার এ্যাম্বুলেন্স ভাল থাকলে তেল কিনবার পয়সা থাকে না। তার উপর তেল চুরি, পার্টস চুরি তো আছেই। এই অব্যবস্থা দূর করার কেউ আছেন বলে মনে হয় না। এই হাসপাতাল সম্বন্ধে এসব ত্রুটি বিচ্যুতি ছাড়াও আরোও গুরুতর অভিযোগ শোনা যায়। বেশ কিছু দালাল বিভিন্ন রাজনৈতিক দলের ছত্র-ছায়ায় থেকে এখানে বিভিন্ন অসামাজিক কাজ কারবার চালাচ্ছে। হাসপাতাল কিচেন থেকে এরা প্রতিদিন নিজেদের আহার্য্য জোর করে সংগ্রহ করে নিচ্ছে বলে অভিযোগ। এ ছাড়াও বেশ কিছু দেহপসারিণীকে রোগী সাজিয়ে হাসপাতালে এরাই ভর্তি করে রেখেছে। এবং রাতের অন্ধকারে বাইরে এনে নিজেরা স্ফুর্তি করছে, অন্যের স্ফুর্তির সুযোগ করে দিয়ে পয়সা রোজগার করছে। এই নিয়ে ডাক্তারদের মধ্যে মাঝে গুঞ্জনও ওঠে, কিন্তু তাঁরা কিছু করে উঠতে পারেননি। হাসপাতালের রোগীদের স্বাচ্ছন্দ্য, নিরাপত্তা, বিশেষ করে সুস্থ পরিবেশ বজায় রাখতে ওয়েলফেয়ার বিভাগ চালু আছে। চারজন এল ডি ক্লার্ক এই বিভাগে রয়েছেন। কিন্তু হাসপাতালের নারকীয় অবস্থা দূর করতে তাঁদের প্রচেষ্টা চোখে পড়ে না। ইউনিয়নের সদস্যদের দাপটে নিজেদের অস্তিত্ব টিকিয়ে রাখায় তাঁদের পক্ষে দায় হয়ে উঠেছে। ১৯ জন সুইপার এবং ৬১ জন জি ডি এ থাকা সত্ত্বেও হাসপাতালের ভিতর বাইরে জঞ্জালের পাহাড়। বিভিন্ন মিশনারী সংস্থার সাহায্য নিয়ে মাঝে মধ্যে পরিচ্ছন্ন রাখার প্রচেষ্টা চলে। সুপার সাহেব সব কিছু দেখে-শুনেও মুখ খুলতে সাহস পান না, এমনই দাপট ইউনিয়নের। ২৫০ বেডের এই হাসপাতালে বর্তমানে বহু অভিজ্ঞ চিকিৎসক রয়েছেন। ভাল সার্জেনও আছেন। কিন্তু সরঞ্জাম ও বিদ্যুৎ এর অভাবে তাঁরা সকলেই ঠুঁটো জগন্নাথ। মান্ধাতার আমলের জেনা-রেটর দিয়ে কোন রকমে হাসপাতালের অন্ধকার দূর করা হয়। তাতে অপারেশনের কাজ চালানো যায় না। আশার কথা একটি শক্তিশালী জেনারেটর সরকার এই হাস-পাতালের জন্য নাকি মঞ্জুর করেছেন। জঙ্গিপুরের ভুক্তভোগী অধিবাসীরা এই অব্যবস্থা দূর করার দাবী জানিয়ে চলেছে সক্রিয়ভাবে। অবশ্য এত অসুবিধা থাকা সত্ত্বেও ডাক্তার টিমের প্রশংসা করা যায়। তাঁরা প্রাণপণ চেষ্টা করছেন রোগীদের সুচিকিৎসার। সম্প্রতি এখানে নবাগত জনৈক সার্জেন দুরূহ কিডনী ও পিত্তপাথুরী অপারেশন করে কৃতিত্ব দেখিয়েছেন।

## প্রাথমিক স্কুলে ছুটি চাই

(১ম পাতার পর)

ছুটি দেওয়া হয়নি। ছেলেরাও স্কুলে যেতে পারেনি। আবার এখন ছুটি হওয়ায় লেখা-পড়ায় ক্ষতি হচ্ছে। তাঁদের দাবী, চাষ আরম্ভ হলেই যেন ছুটি দেওয়া হয়। কোন নির্দিষ্ট মাস বা তারিখ যেন না থাকে।

## বাংলাদেশী আটক

জঙ্গিপুর ঃ সম্প্রতি লালগোলা থানার পুলিশ ১২ জন বাংলাদেশীকে আটক করে। এদের সকলকেই পরদিন বিদেশী সংক্রান্ত আইনানু-যায়ী কোর্টে চালান দেওয়া হয় বলে খবর।

## হারাইয়া গিয়াছে

গত ৩রা আষাঢ় (ইং ২০-৭-৯০) বহরমপুর থেকে রঘুনাথগঞ্জ বাসে আসার পথে ফুলতলায় আমার ফোলিও ব্যাগটি খোয়া গিয়াছে। তার মধ্যে সেল ট্যাক্সের ফরম XXIV (a) 04B 100514, (b) 04B 100515 (c) 04B 100516 (d) 04B 100517 ইৎসহ কিছু চালান আছে। কোন সহৃদয় ব্যক্তি পেয়ে থাকলে নিম্ন ঠিকানায় জমা দিন।

ইন্দ্রজিৎ মুখার্জি  
বনবিহারী নিবাস  
জঙ্গিপুর বাবুবাজার, মুর্শিদাবাদ

## স্থানীয় ৩ ফুটবলার জেলা দলে মনোনীত

রঘুনাথগঞ্জ : আন্তঃ জেলা জুনিয়র ফুটবল প্রতিযোগিতা খুব শীঘ্র বালুরঘাটে অনুষ্ঠিত হবে। ঐ খেলায় মুর্শিদাবাদ জেলা জুনিয়র ফুটবল দলে স্থানীয় বাগানবাড়ী কিরণ সংঘ ক্লাবের ৩ সদস্য মনোনীত হয়েছেন। তিন ফুটবলারের নাম রাজেন্দ্র ঘোষ, সুধীর ভক্ত ও তাপস রায়।

## রাজ্য কবিয়াল সম্মেলন

সাগরদীঘি : আগামী ১৯ থেকে ২৮ আগষ্ট স্থানীয় হাসপাতাল মাঠে রাজ্য কবিয়াল সম্মেলন অনুষ্ঠিত হচ্ছে বলে জানা যায়। সম্মেলনের যাবতীয় খরচ বহন করবেন তথ্য ও সংস্কৃতি বিভাগ। রাজ্যের প্রতি জেলা থেকে আগত কবিয়াল ১০ দিন ধরে স্থানীয় হাসপাতাল বিল্ডিং-এ থাকবেন। প্রথম দু'দিন জাতীয় সংহতি বিষয়ে আলোচনা হবে। উদ্বোধন করবেন রাজ্যের সংস্কৃতি মন্ত্রী। বাকী দিনগুলিতে কবিয়ালদের প্রশিক্ষণ দেওয়া হবে। উল্লেখ্য, এই থানার জিনদীঘি গ্রামেই প্রখ্যাত কবিয়াল প্রয়াত গুমানী দেওয়ানের বাড়ী।

## তেলের দাম আকাশচুম্বী

সাগরদীঘি : স্থানীয় থানার গ্রামাঞ্চলে সরষের তেলের দাম কেজি প্রতি ৩০ থেকে ৩৫ টাকা চলছে। নিম্ন আয়ের লোকেরা তেল কিনতে হিমসিম খাচ্ছে। তেলেভাজা দোকানদারদের ব্যবসা বন্ধ হতে বসেছে। রেশনে সরষের বা রেপসীড তেল দেওয়ার দাবী জানাচ্ছেন গ্রামবাসীরা।

## মহকুমার দিকে দিকে অরণ্য সপ্তাহ পালন

বিশেষ সংবাদদাতা : বায়ু দূষণ রোধ ও আবহাওয়ার সমতা রক্ষা করতে অরণ্যের প্রয়োজনীয়তা আজ সর্বজন স্বীকৃত সত্য। তাই সরকারের তরফ থেকে অরণ্য সপ্তাহ পালনের সিদ্ধান্ত নেওয়া হয় ১৪ থেকে ২০ জুলাই। মহকুমার দিকে দিকে জনগণকে অরণ্যের প্রতি আকৃষ্ট করতে বিভিন্ন আনন্দানুষ্ঠানের মাধ্যমে অরণ্য সপ্তাহ পালন করা হয়। সাগরদীঘি সমষ্টি উন্নয়নের উদ্যোগে স্থানীয় এস এন হাই স্কুল ময়দানে একদিনের ফুটবল প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। এতে অংশ নেন সর্বমোট আটটি দল। ফাইন্যালে বালিয়া নেতাজী সংঘ বিজয় সরস্বতী ক্লাব কিশোর বাহিনীকে পরাজিত করে বিজয়ীর সম্মান লাভ করে। উভয় দলকেই পুরস্কৃত করেন সাগরদীঘি সমষ্টি উন্নয়ন আধিকারিক বাদলচন্দ্র দাস। বিশেষ অতিথি ছিলেন পঞ্চায়েত সভাপতি নিত্যসন্তোষ চৌধুরী।

### ফরাক্কা ব্লকে অরণ্য উৎসব অনুষ্ঠিত

হয় উদ্‌যাপন কমিটির সম্পাদক হাজী মহঃ আইনুল হক ও যুগ্ম সম্পাদক প্রভাস সেনশর্মা ও কালিপদ বণিকের প্রচেষ্টায়। এই অনুষ্ঠানে সহায়তা করেন ফরাক্কা ব্লক পঞ্চায়েত সমিতি ও ফরাক্কা রেঞ্জ অফিস। ১৪ জুলাই উৎসব শুরুর দিনে শঙ্করপুর, বেওয়া, পলাশী ও বেনিয়াগ্রাম হাসপাতালে প্রধান অতিথি বিকাশ রায় চৌধুরীর উৎসাহে ও উপস্থিতিতে বৃক্ষ রোপণ ও একটি অরণ্যের উপকারিতা বিষয়ক আলোচনা চক্র অনুষ্ঠিত হয়। ১৬ জুলাই অর্জুনপুর হাই স্কুলে ও নয়নসুখ গ্রাম পঞ্চায়েত অফিসেও বিশেষ অতিথি বিধায়ক আবুল হাসনাৎ খাঁনের উপস্থিতিতে অনুরূপ একটি কর্মসূচী নেওয়া হয়। ২০ জুলাই তিলডাঙ্গা হাই স্কুল, নেতাজী ময়দান ফরাক্কা, ছামেশ্বর মোড়, ইমামনগর প্রাঃ স্কুল, জিগরী মোড়ে মহঃ ইসফাক হোসেনের উপস্থিতিতে অরণ্যের প্রকৃত ব্যবহার ও প্রয়োজনীয়তার উপর একটি আলোচনা চক্র অনুষ্ঠিত হয় ও বৃক্ষ রোপণ করা হয়। অরণ্য সপ্তাহকে কেন্দ্র করে পলাশী সাংস্কৃতিক সংস্থা অরণ্যের উপর একটি গান রচনা করে প্রত্যেকটি মঞ্চে নিজেদের শিল্পীদের দিয়ে গানটি মঞ্চস্থ করে সুধীজনদের আনন্দ দেন।

গত ১৭—২০ জুলাই রঘুনাথগঞ্জ ২নং পঞ্চায়েত সমিতি অরণ্য সপ্তাহ পালন করে বৃক্ষ রোপণ, সেমিনার এবং বিভিন্ন সাংস্কৃতিক কর্মসূচীর মাধ্যমে। সামাজিক বন সৃজনকে একটি গণ আন্দোলনে রূপ দিতে ২নং পঞ্চায়েত সমিতি আন্তরিক চেষ্টা করলেন 'শিশুর কুশলে কিশলয়' যা আজ, আগামী বসন্তে ভাবী বনস্পতি।

১৭ জুলাই সম্মতিনগর কালীতলা হাই স্কুলে এবং ১৮ জুলাই মিঠিপুর প্রাইমারী বিদ্যালয়ে দুটি সেমিনার হয়। ২নং বি ডি ও, ২নং পঞ্চায়েত সমিতির সভাপতি মহঃ গিয়াসুদ্দিন ভাবকী খামরা জুঃ হাই স্কুলের শিক্ষক মহঃ ফুরকান পরিবেশ দূষণ রোধে রাজ্য সরকারের ভূমিকায় ভূয়সী প্রশংসা করে বক্তব্য রাখেন। সামাজিক বন সৃজনের ওপর দুটি বিভাগে অঙ্কন প্রতিযোগিতা হয়। সেমিনার শেষে ( শেষ পৃঃ দ্রঃ )

## বিজ্ঞপ্তি

এ বছর পাটে পোকার আক্রমণ এখনও ব্যাপকভাবে দেখা যায়নি। তাছাড়া মাঝে মাঝে ভারি বর্ষণের জন্য পোকার আক্রমণ অপেক্ষাকৃত কম। কিন্তু আবহাওয়া পরিবর্তনের সাথে সাথে পোকার আক্রমণ এবার ব্যাপকভাবে দেখা দিতেও পারে। সাধারণতঃ ফেঁড়ি পোকা, ঘোড়া পোকা, বিছা পোকা এবং মাকড়ের উপদ্রবের সম্ভাবনা বেশি। এই পোকাগুলি দমনের জন্য নীচের যে কোন একটি ওষুধ ব্যবহার করুন।

| ওষুধের নাম | প্রতি লিটার জলে ওষুধের পরিমাণ |
| --- | --- |
| ১। এণ্ডো সালফান ৩৫% | ১½ মিলি লিটার |
| ২। কুইনালফস ২৫ ইঃসি | ২ ,, ,, |
| ৩। মিথাইল প্যারাথিয়ন ৫০% | ১ ,, ,, |
| ৪। ডাইক্লোরোভস্ ৭৬ ইঃসি | ১ ,, ,, |
| ৫। কার্বারিল ৫০% জলে গোলা | ২½ গ্রাম |
| ৬। লিনডেন ২০% | ২½ মিলি লিটার |

এ ছাড়া ডাঁটা পচা রোগ এবার যাতে ছড়িয়ে যেতে না পারে সেজন্য গাছের কাণ্ডে, পাতায় ও গোড়ায় প্রতি লিটার জলে ৫ গ্রাম কপার অক্সিক্লোরাইড বা ২½ গ্রাম ম্যানকোজেব গুলে ভাল ভাবে স্প্রে করুন। জল নিকাশের ব্যবস্থা ও পটাশ সার প্রয়োগ করে ঐ রোগ বহুলাংশে দমন করা যায়।

রোগ নাশক ও কীট নাশক ওষুধ বিকালের দিকে প্রয়োগ করলে ভাল ফল পাওয়া যায়।

মুখ্য কৃষি আধিকারিকের করণ, মুর্শিদাবাদ থেকে প্রচারিত

## বাড়ী বিক্রয়

রঘুনাথগঞ্জ সদরঘাট দুর্গা মণ্ডপের সামনে সদর রাস্তায় পৌনে তিন কাঠা জমির উপরে পুরানো দ্বিতল বাড়ী শীঘ্রই বিক্রয় করা হইবে। যোগাযোগের ঠিকানা :—

টি, কে, সিন্‌হা রায়, কোয়ার্টার নং বি-১২২, এন, টি, পি, সি, টেম্পোরারি টাউনসিপ, পোঃ নবারুণ (মুর্শিদাবাদ)।

## জাঙ্গিপুরেও ডায়রিয়াল ডিজিজের প্রকোপ

রঘুনাথগঞ্জ : জঙ্গিপুর শহরের আশপাশের গ্রামাঞ্চলে ডায়রিয়াল ডিজিজে (আন্ত্রিক) আক্রান্ত হওয়ার খবর পাওয়া যাচ্ছে। এক সাক্ষাৎকারে জঙ্গিপুর মহকুমা হাসপাতালের সুপার জানান বর্তমান মাসের দ্বিতীয় সপ্তাহ থেকে এই রোগের আক্রমণে মুমূর্ষু রোগীরা বিভিন্ন গ্রামাঞ্চল থেকে হাসপাতালে ভর্তির জন্য আসছেন। এ রোগের প্রধান লক্ষণ ঘনঘন পাতলা পায়খানা এবং কখনও কখনও বমি। বেশীর ভাগ রোগী আসছেন ছোটকালিয়া, তেঘরী, গফুরপুর বয়োজ, তক্ষক, গাঙ্গাড্ডা প্রভৃতি গ্রাম থেকে। এই হাসপাতালে রোগের মোকাবিলার জন্য ৭০০ বোতল সেলাইন বর্তমানে মজুত রাখা হয়েছে। এখন পর্যন্ত একজনও মারা যানান। তিনি বলেন, আশংকার তেমন কোন কারণ নেই। আগের বছরের রেকর্ডেও দেখা যাচ্ছে ঠিক এই সময় বর্ষার প্রাদুর্ভাবে এই রোগ দেখা দেয়। অপর এক সংবাদে জানা যায় জেলার স্বাস্থ্য পরিস্থিতি পর্য্যালোচনা করতে রাজ্যের স্বাস্থ্য সচিব লানা চক্রবর্তী অন্যান্য হাসপাতালের সাথে জঙ্গিপুর হাসপাতাল পরিদর্শন করতে আগামী ২/১ দিনের মধ্যে এখানে আসছেন।

## বিজ্ঞপ্তি

সংবাদপত্রের ছাপাই, কাগজ ও আনুসাঙ্গিক খরচ বৃদ্ধি পাওয়ার পরিপ্রেক্ষিতে 'জঙ্গিপুর সংবাদ'এর মূল্যবৃদ্ধি করতে বাধ্য হচ্ছি। আগামী সংখ্যা অর্থাৎ ১লা আগষ্ট হতে 'জঙ্গিপুর সংবাদ'এর মূল্য প্রতি সংখ্যা ৫০ পঃ ও বাৎসরিক ২৫·০০ টাকা হবে। আমাদের এই অনিচ্ছাকৃত মূল্যবৃদ্ধির জন্য আমরা গ্রাহকদের ক্ষমাপ্রার্থী।

কর্মাধ্যক্ষ,
জঙ্গিপুর সংবাদ

## কাঠ বহন নিষিদ্ধ

বহরমপুর : মুর্শিদাবাদের জেলা শাসক এক আদেশ বলে প্রয়োজনীয় অনুমতি ব্যতীত কাঠ বহন নিষিদ্ধ ঘোষণা করে ১৪৪ ধারার নিষেধাজ্ঞা জারী করেছেন। এই আদেশ বলে মুর্শিদাবাদ জেলার প্রয়োজনীয় অনুমতি ব্যতীত সন্ধ্যা ৬টা থেকে সকাল ৬টা পর্যন্ত কোনরূপ গাড়ীতে হস্তদ্বারা অথবা যন্ত্রদ্বারা ব্যবহারোপযোগী কাঠ বহন করা নিষিদ্ধ। এই আদেশ ১ জুলাই, ১৯৯০ থেকে কার্যকর হয়েছে।

## প্রথম বোর্ড মিটিঙে গণ্ডগোল

(১ম পাতার পর)

সভায় ঘোষিত অভিযোগ প্রমাণের দায়ত্ব গ্রহণে অস্বীকার করতে থাকেন কংগ্রেস, বি জে পি, ফঃ ব্লক ও এস পি জোটের সদস্যরা। কংগ্রেস (ই) কমিশনার জফর আলী মহালদার উত্তেজিত হয়ে সি পি এমের কমিশনার সুন্দর ঘোষের দিকে আক্রমণের ভঙ্গীতে এগিয়ে যান। সুন্দর ঘোষ তাঁকে ভদ্র-আচরণ করার জন্য সাবধান করতে থাকেন। উল্লেখ্য চার পার্টির জোট ক্ষমতাসীন বোর্ড 'তদন্ত কমিটি' গঠনের দাবী মানতে চান না। ঐ দিনের সভায় একটি কাজের 'টেণ্ডার' খোলার দিন ছিল। এই প্রতিবেদক পৌরভবনে গিয়ে দেখতে পান, স্থানীয় ঠিকাদাররা নতুন চেয়ারম্যানের বিরুদ্ধে উষ্মা প্রকাশ করছেন। কারণ, চেয়ারম্যান নাকি একজন ঠিকাদারের টেণ্ডার পেপার নিজের বাড়িতে বেআইনী-ভাবে জমা নিয়েছেন। জনৈক ঠিকাদার বলেন বর্তমান চেয়ার-ম্যান রাজনীতিতে ঘন ঘন দলের জার্সি পাল্টানোর নায়ক, বিশ্বাস-ঘাতক, পদলোভী। তিনি কতটা দুর্নীতির জঞ্জাল পরিষ্কার করবেন তা শুরুতেই বোঝা যাচ্ছে।

## গাড়ী আটক

(১ম পাতার পর)

এসেছিল বলে সন্দেহ। শেষ সংবাদে জানা যায় পুলিশ ধৃত ব্যক্তিদের কোর্টে চালান দিলে কোর্ট জামিন না মঞ্জুর করেন। অসমর্থিত সংবাদে প্রকাশ গাড়ীটিতে লক্ষাধিক টাকার বেআইনী মাল পাওয়া যায়। সংবাদ প্রকাশ করার পূর্ব মুহূর্তে জানা যায় আজ ২৫ জুলাই সি আই এস এফের জনৈক রক্ষীকে পুলিশ গ্রেপ্তার করে কোর্টে চালান দিয়েছে।

## অরণ্য সপ্তাহ পালন

(৩য় পাতার পর)

বৃক্ষরোপণ করা হয়। ২০ জুলাই দু'টি নির্দিষ্ট স্থান থেকে পদযাত্রা কর্মসূচী দুর্যোগপূর্ণ আবহাওয়ার কারণে স্থগিত থাকে।

২নং পঞ্চায়েত সভাপতি মঃ গিয়াসুদ্দিন জানান, রঘুনাথগঞ্জ ২নং ব্লকে ৫০ হাজার চারাগাছ লাগাবার পরিকল্পনা আছে এ বছরে। ১০ হাজার বিনামূল্যে বিতরণ করা হবে এবং ৪০ হাজার গাছ লাগাবে ২নং পঞ্চায়েত সমিতি। রক্ষণাবেক্ষণের সমস্যার দিক প্রসঙ্গে জানান, এলাকার গরীব মানুষকে দায়িত্ব দেওয়া হবে এই শর্তে, যাঁর বাড়ীর পাশে গাছ থাকবে তাঁকে দেখা-শুনা করতে হবে। গাছ মানুষ হলে রক্ষণাবেক্ষণকারীর অর্দ্ধেক মালিকানা থাকবে। শুকনো ডালপালা ভোগ করার অধিকারও তাঁর থাকবে।


বসন্ত মালতী

রূপ প্রসাধনে অপরিহারয

সি, কে, সেন এ্যাণ্ড কোং লিমিটেড

কলিকাতা ॥ নিউ দিল্লী



কিস্তিতে মোটর বাইক/স্কুটার/টিভি/বাস/লরী কিনবেন? বাড়ী করার জন্য লোন চায়? বাস্তু জমি বা পুরানো বাস, লরী, মোটর সাইকেল, টিভি প্রভৃতি কেনাবেচা করতে চান? সত্বর যোগাযোগ করুন।

দিলসন্‌স্ মিউচুয়ালাইজার

DILSONS MUTUALISER

শ্মশানঘাট রোড, পোঃ রঘুনাথগঞ্জ, জেলা মুর্শিদাবাদ ৭৪২২২৫

বিঃ দ্রঃ মুর্শিদাবাদ জেলার বিভিন্ন শহরে শাখা অফিস খোলার জন্য বেতন ও কমিশনে কর্মী চাই।



যৌতুকে V I P

সকল অনুষ্ঠানে V I P

ভ্রমনের সাথী V I P

এর জুড়ি কি আর আছে!

সংগ্রহ করতে চলে আসুন দুলুর দোকানের

VIP সেন্টারে

এজেন্ট

প্রভাত ষ্টোর (দুলুর দোকান)

রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ


রঘুনাথগঞ্জ (পিন—৭৪২২২৫) পণ্ডিত প্রেস হইতে
অচ্যুত্তম পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত